দৈনিক খবর

45

তারিখ .. 04 NOV 1992
পৃষ্ঠা ... ১ ...... কলাম .. ৪ ...

# পরিস্থিতি নিয়ে শিক্ষকদের সাথে শিক্ষামন্ত্রীর বৈঠক

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার এসএসসি পরীক্ষার পদ্ধতি সম্পর্কে বিভিন্ন ধরনের গুজবের প্রেক্ষিতে ছাত্র–ছাত্রীদের মধ্যে যে অসন্তোষ ও বিক্ষোভের ভাব পরিলক্ষিত হয়েছে সে সম্পর্কে সরকারের মনোভাব ব্যাখ্যা করার জন্য গতকাল মঙ্গলবার ঢাকা মেট্রোপলিটন শহরের, সরকারী ও বেসরকারী স্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের সাথে তার অফিসে এক বৈঠকে মিলিত হন। বৈঠকে মন্ত্রণালয়ের সচিব শফিউল আলম ও উর্ধ্বতন কর্মকর্তাগণও উপস্থিত ছিলেন; তথ্য বিবরণী।

বৈঠকে প্রধান শিক্ষক ও শিক্ষিকাগণ সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্তকে

২ এর পাতায় দেখুন

## পরিস্থিতি নিয়ে

প্রথম পৃষ্ঠার পর

বিজ্ঞচিত ও সময়োপযোগী বলে উল্লেখ করেন। পরীক্ষা পদ্ধতির ত্রুটি–বিচ্যুতি দূর করা ও শিক্ষার সঠিক মান সংরক্ষণের জন্য এ সিদ্ধান্ত একান্ত অপরিহার্য বলেও তারা অভিমত ব্যক্ত করেন এবং যে কোন পরিস্থিতিতে তাঁরা শিক্ষার স্বার্থে সরকারকে সার্বিক সাহায্য ও সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

শিক্ষামন্ত্রী সরকার কর্তৃক জারিকৃত সার্কুলার ও প্রেসনোটের প্রেক্ষিতে উদ্ভূত পরিস্থিতি সম্পর্কে সরকারের মনোভাব ব্যাখ্যা করেন। তিনি উপস্থিত প্রধান শিক্ষক ও শিক্ষিকাগণকে তাদের খোলাখুলি মতামত প্রকাশের জন্য ধন্যবাদ জ্ঞাপনকরেন।